

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
বড়াইগ্রাম, নাটোর।
www.sufobaraigram@fisheries.gov.bd



স্মারক নং: ৩৩.০২.৬৯১৫.৫০১.৭৪.০০১.১৪. ১৩১

তারিখঃ ২৮ ভাদ্র ১৪২৯ বাং
১২ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

সভার নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বড়াইগ্রাম, নাটোর মহোদয়ের সভাপতিত্বে ২০২২-২৩ অর্থ বছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের সমন্বয়ে অবহিতকরণ সভা আগামী ১৫/০৯/২০২২ খ্রি. বেলা ১১.৩০ ঘটিকায় সম্মেলন কক্ষ, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, বড়াইগ্রাম, নাটোর এ অনুষ্ঠিত হবে। উক্ত সভায় উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

১২.০৯.২০২২

(মোঃ আব্দুল হালিম)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা

বড়াইগ্রাম, নাটোর

+৮৮০২৫৮৮৮৭৯৭১৬

mahalim.bau@gmail.com

স্মারক নং: ৩৩.০২.৬৯১৫.৫০১.৭৪.০০১.১৪

তারিখঃ ২৮ ভাদ্র ১৪২৯ বাং
১২ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

সদয় অবগতি/ অবগতি ও কাযার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। জেলা মৎস্য কর্মকর্তা, নাটোর।

২। সংশ্লিষ্ট নথি

১২.০৯.২০২২

(মোঃ আব্দুল হালিম)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা

বড়াইগ্রাম, নাটোর

+৮৮০২৫৮৮৮৭৯৭১৬

mahalim.bau@gmail.com

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, বড়াইগ্রাম, নাটোর এর জুলাই ২০২২ খ্রি. হতে সেপ্টেম্বর ২০২২ খ্রি.

পর্যন্ত অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ক অবহিতকরণ সভার বিবরণী:

সভাপতি : জনাব মোঃ আব্দুল হালিম, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বড়াইগ্রাম, নাটোর

স্থান/ মাধ্যম: সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, বড়াইগ্রাম, নাটোর

তারিখ : ১৫/০৯/২০২২ খ্রি.

সময় : বেলা ১১.৩০ ঘটিকা।


(সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট ক তে দেখানো হলো)

অদ্য ১৫/০৯/২০২২ খ্রি. তারিখে জনাব মোঃ আব্দুল হালিম, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বড়াইগ্রাম, নাটোর সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মুহাম্মদ আবু বকর সিদ্দিকী, মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, বড়াইগ্রাম, নাটোর ১ম ত্রৈমাসিক অবহিতকরণ সভায় নিম্নোক্ত এজেন্ডা ভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ জানান।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	বিগত সভায় গৃহিত সিদ্ধান্ত অনুযায়ী “কোন অভিযোগ নিষ্পত্তির আবেদন পেলে অভিযোগ প্রতিকার ব্যবস্থা গ্রহন করতে হবে” এ বিষয়ে আলোচনা করা হয়।	অদ্যাবধি কোন প্রকার আবেদন পাওয়া যায়নি। যদি আবেদন পাওয়া যায় তবে প্রতিকারের ব্যবস্থা গ্রহন করতে হবে।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
২.	অসত্য/হয়রানিমূলক অভিযোগের বিষয়ে করণীয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়	অসত্য/হয়রানিমূলক অভিযোগ পাওয়া গেলে অনিক সংশ্লিষ্ট আপিল কর্মকর্তার নিকট উক্ত অভিযোগকারীকে কালো তালিকাভুক্ত করার জন্য সুপারিশ করবে।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
৩.	ওয়েব পোর্টালের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সেবা বক্সটি নিয়মিত হালনাগাদ করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়	ওয়েব পোর্টালের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সেবা বক্সটি নিয়মিত হালনাগাদ করতে হবে	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
৪.	অভিযোগের রেকর্ড সংরক্ষণ	অভিযোগ সংক্রান্ত তথ্য রেজিস্টারে সংরক্ষণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।	মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



১৫.০৯.২০২২

(মোঃ আব্দুল হালিম)





সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা

বড়াইগ্রাম, নাটোর

+৮৮০২৫৮৮৮৭৯৭১৬

সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'

তারিখ : ১৫/০৯/২০২২ খ্রি.
সময় : বেলা ১১:৩০ ঘটিকা।

ক্রঃনং	কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবী	স্বাক্ষর
১	মোঃ আব্দুল হালিম, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা	
২	মুহাম্মদ আবু বকর সিদ্দিকী, মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা	
৩	মোঃ হাফিজ আল আসাদ, সম্প্রসারণ, কর্মকর্তা	
৪	ইসমত আরা, ক্ষেত্র সহকারী	
৫	মোঃ কামরুজ্জামান, অফিস সহায়ক	